**মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর**
www.jessoreboard.gov.bd

স্মারক সংখ্যা-বিঅ-৬/১২০ তারিখ : ১৪-০১-২০২৫ খ্রি.

বিষয় : অভিযোগ তদন্ত প্রসঙ্গে।

সূত্র : ক) জনাব আব্দুস সোবহান চৌধুরী-এর ২৮-১২-২০২৪ খ্রি. তারিখের আবেদন।
খ) জনাব আব্দুস সোবহান চৌধুরী-এর ২৩-১০-২০২৪ খ্রি. তারিখের লিগ্যাল নোটিশ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানান যাচ্ছে যে, বাগেরহাট জেলার মোল্লাহাট উপজেলাধীন "তেঁতুলবাড়ি এম এম ওবায়দুর রহমান মাধ্যমিক বিদ্যালয়" এর জমি সংক্রান্ত বিষয়ে একটি লিগ্যাল নোটিশ ও অভিযোগ দাখিল হয়েছে। উক্ত অভিযোগের বিষয়ে তদন্তপূর্বক মতামতসহ প্রতিবেদন দাখিল করার জন্য আপনাকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

অভিযোগের ছায়া লিপি সংযুক্ত :

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে
স্বাক্ষরিত
(ড. মোঃ কামরুজ্জামান)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
ফোন : ০২৪৭৭৭৬২৭০৫

উপজেলা নির্বাহী অফিসার
মোল্লাহাট, বাগেরহাট

স্মারক সংখ্যা-বিঅ-৬/১২০(১-৮) তারিখ : ১৪-০১-২০২৫ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

১। জেলা প্রশাসক, বাগেরহাট।
২। জেলা শিক্ষা অফিসার, বাগেরহাট।
৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মোল্লাহাট, বাগেরহাট।
৪। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর। (পত্রটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
৫। সভাপতি, এডহক/ম্যানেজিং কমিটি/বিশেষ কমিটি
তেঁতুলবাড়ী এম এম ওবায়দুর রহমান মাধ্যমিক বিদ্যালয়, মোল্লাহাট, বাগেরহাট
৬। প্রধান শিক্ষক
তেঁতুলবাড়ী এম এম ওবায়দুর রহমান মাধ্যমিক বিদ্যালয়, মোল্লাহাট, বাগেরহাট
৭। জনাব আব্দুস সোবহান চৌধুরী, অভিযোগকারী
(৫-৭:) তদন্ত কাজের সহযোগিতা কারার জন্য অনুরোধ করা হলো।
৮। সংরক্ষণ নথি।

১৪/০১/২৫

বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর

১৪/০১/২৫

স্মারক নং ঃ-

পরিপত্র নং ঃ-

তারিখ ঃ- ২৩/১০/২০২৪ ইং

# - লিগ্যাল নোটিশ -

প্রাপক ঃ- চেয়ারম্যান মহোদয়
যশোর শিক্ষা বোর্ড
যশোর।

প্রেরক ঃ- আব্দুস সোবহান চৌধুরী
পিতা- মৃত রউফ চৌধুরী
সাং + পোষ্ট- কাহালপুর
থানা- মোল্লাহাট, জেলা- বাগেরহাট।

পক্ষে ঃ- জনাব সফরুল মোল্লা (সজিব)
এ্যাড. জজ কোর্ট, বাগেরহাট।

জনাব

আমি আমার মক্কেল কর্তৃক ক্ষমতা প্রাপ্ত হইয়া এই মর্মে আপনাকে লিগ্যাল নোটিশ প্রদান করিতে যে, বাগেরহাট জেলার মোল্লাহাট থানাধীন তেতুলবাড়ি এম এম ওয়ায়দুর রহমান মাধ্যমিক বিদ্যালয়টি প্রতিষ্ঠাকল্পে বিদ্যালয়ের নিজ নামে কোন জায়গা জমির উপযুক্ত ব্যবস্থা না থাকায় এম এম ওবায়দুর রহমান ও তার অনুসারীরা রাজনৈতিকভাবে প্রভাব খাটিয়ে আমার মক্কেলের স্বত্ব দখলীয় মোল্লাহাট থানাধীন কাহালপুর মৌজার এস এ ১৬০৫, ১৬০৬, ১৬০৭, ১৬০৮ নং দাগের মোট ১৯ শতক জমির উপর এম এম ওবায়দুর রহমান মাধ্যমিক বিদ্যালয়ের ২টি টিনের ঘর অস্থায়ীভাবে নির্মান করে এবং বলে যে, বিদ্যালয়ের নামে জায়গা জমির ব্যবস্থা হলে আমরা ঘর ২টি সেখানে সরাইয়া নিয়া যাইব। আমার মক্কেল সম্প্রতি জানতে পারেন বিদ্যালয়ের পরিদর্শন হয়েছে এবং উহার EIIN নম্বর যুক্ত হয়েছে যাহার নম্বর 140011 এবং পরবর্তিতে আমার মক্কেল খোজখবর লইয়া জানতে পারেন যে এম এম ওবায়দুর রহমান নিজে দাতা হইয়া ১৫৩ নং দলিল মূলে গত ইং ২২/০১/২৩ তারিখে কাহালপুর মৌজার এস এ দাগ নং ৩২৪৩ জমির পরিমান ০.৬৬ একর বিদ্যালয়ের নামে দান করে উক্ত জমি যাহা বর্তমানে ফাঁকা রহিয়াছে। আমার মক্কেল আরো জানতে পারেন যশোর শিক্ষা বোর্ডের মাধ্যমিক বিদ্যালয়ের পরিদর্শন অফিসার এলাকার কিছু সার্থভোগী লোকদের দ্বারা অন্যায়ভাবে প্রভাবিত হইয়া কাহালপুর মৌজার এস এ ৩২৪৩ নং দাগের দানকৃত জমির উপর যাচাই বাছাই না করিয়া আমার মক্কেলের নামীয় জমির উপর ভিত্তি করিয়া এবং আমার মক্কেলের নামীয় জমি বিদ্যালয়ের জমি হিসেবে দেখাইয়া বিদ্যালয়ের পরিদর্শন রিপোর্ট প্রদান করিয়াছেন যাহা আদৌ সঠিক ও ন্যায় সংগত হয় নাই। ইহাতে আমার মক্কেলের অপূরনীয় ক্ষতি হইবে। বিধায় আমা মক্কেলের আপনার নিকট প্রার্থনা উক্ত পরিদর্শন রিপোর্টের উপর ভিত্তি না করিয়া পুনঃ তদন্ত পূর্বক বর্তমানে আমার নামীয় জায়গায় অবস্থানরত বিদ্যালয়ের অস্থায়ী ২টি টিনের ঘর অপসরন করিয়া স্কুলের নামে দানকৃত নির্দিষ্ট স্থানে নির্মান করার বিহিত ব্যবস্থা গ্রহন করিতে আপনার একান্ত মর্জি হয়।

অতএব উক্ত লিগ্যাল নোটিশ প্রাপ্তির ১৫ দিনের মধ্যে উক্ত বিষয়ে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহন করিতে আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হইল। অন্যথায় আমার মক্কেল আইনানুগ ব্যবস্থা গ্রহন করিতে বাধ্য হইবে।

**বিঃ দ্রঃ অত্র লিগ্যাল নোটিশ এর ১ কপি পরবর্তিতে আইনগত ব্যবস্থা গ্রহন করার জন্য আমার সেরেস্তায় সংরক্ষিত রইল।**

ধন্যবাদান্তে

23.10.24

জনাব সফরুল মোল্লা (সজিব)
এ্যাডভোকেট, জজ কোর্ট, বাগেরহাট।

শিক্ষা বোর্ড যশোর

বিষয়- বাগেরহাট জেলার মোল্লাহাট থানাধীন তেতুলবাড়ি এম এম ওয়ায়দুর রহমান মাধ্যমিক বিদ্যালয় যাহার EIIN নং 140011 এর অস্থায়ী ২টি টিন সেট ঘর অপসারন ও পরিদর্শন কর্মকর্তার ভুল প্রতিবেদনের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন প্রসঙ্গে।

জনাব

যথাবিহীত সম্মান প্রদর্শন পূর্বক বিনীত নিবেদন এই যে, আমি নিম্ন স্বাক্ষরকারী এই মর্মে অভিযোগ করিতেছি যে, উক্ত বিদ্যালয়টি প্রতিষ্ঠাকল্পে বিদ্যালয়ের নিজ নামে কোন জায়গা জমির উপযুক্ত ব্যবস্থা না থাকায় এম এম ওবায়দুর রহমান ও তার অনুসারীরা রাজনৈতিকভাবে প্রভাব খাটিয়ে আমার স্বত্ব দখলীয় মোল্লাহাট থানাধীন কাহালপুর মৌজার এস এ ১৬০৫, ১৬০৬, ১৬০৭, ১৬০৮ নং দাগের মোট ১৯ শতক জমির উপর এম এম ওবায়দুর রহমান মাধ্যমিক বিদ্যালয়ের ২টি টিনের ঘর অস্থায়ীভাবে নির্মান করে এবং বলে যে, বিদ্যালয়ের নামে জায়গা জমির ব্যবস্থা হলে আমরা ঘর ২টি সেখানে সরাইয়া নিয়া যাইব। আমি সম্প্রতি জানতে পারিলাম বিদ্যালয়ের পরিদর্শন হয়েছে এবং উহার EIIN নম্বর যুক্ত হয়েছে যাহার নম্বর 140011 এবং পরবর্তিতে আমি খোজখবর লইয়া জানতে পারলাম যে এম এম ওবায়দুর রহমান নিজে দাতা হইয়া ১৫৩ নং দলিল মূলে গত ইং ২২/০১/২৩ তারিখে কাহালপুর মৌজার এস এ দাগ নং ৩২৪৩ জমির পরিমান ০.৬৬ একর বিদ্যালয়ের নামে দান করে উক্ত জমি যাহা বর্তমানে ফাঁকা রহিয়াছে। আমি আরো জানতে পারি যশোর বোর্ডের মাধ্যমিক বিদ্যালয়ের পরিদর্শন অফিসার এলাকার কিছু সার্থভোগী লোকদের দ্বারা অন্যায়ভাবে প্রভাবিত হইয়া কাহালপুর মৌজার এস এ ৩২৪৩ নং দাগের দানকৃত জমির উপর যাচাই বাছাই না করিয়া আমার নামীয় জমির উপর ভিত্তি করিয়া এবং আমার নামীয় জমি বিদ্যালয়ের জমি হিসেবে দেখাইয়া বিদ্যালয়ের পরিদর্শন রিপোর্ট প্রদান করিয়াছেন যাহা আদৌ সঠিক ও ন্যায় সংগত হয় নাই। ইহাতে আমার অপূরনীয় ক্ষতি হইবে।

অতএব হুজুর সমীপে আমার প্রার্থনা উক্ত পরিদর্শন রিপোর্টের উপর ভিত্তি না করিয়া পুনঃ তদন্ত পূর্বক বর্তমানে আমার নামীয় জায়গায় অবস্থানরত বিদ্যালয়ের অস্থায়ী ২টি টিনের ঘর অপসরন করিয়া স্কুলের নামে দানকৃত নির্দিষ্ট স্থানে নির্মান করার বিহিত ব্যবস্থা গ্রহন করিতে আপনার একান্ত মর্জি হয়।

বিনীত নিবেদক

তারিখ-

সোবহান চৌধুরী

( আব্দুস সোবহান চৌধুরী )

মোবা- ০১৭২৮-৬৭৫৮৯৫